

স্মারক নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২২. ১৬

তারিখঃ

০৪ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।
১৮ জানুয়ারি, ২০২২খ্রিঃ।

সংশোধিত গণবিজ্ঞপ্তি

যেহেতু, উপজেলা সমাজসেবা কার্যালয় সদরপুর, ফরিদপুরের স্মারক: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২২-১২তারিখ: ১৩/০১/২০২২খ্রিঃ মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২য় তালিকা/১১২/১২০ তারিখঃ ১৪/১১/২০২১খ্রিঃ পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা অনুসারে 'অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান পূর্বক গণবিজ্ঞপ্তি জারি করা হয়।

০২। এবং যেহেতু, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২০২১/৪০১ তারিখ: ১২/০১/২০২২খ্রিঃ নির্দেশনা মোতাবেক ৩১/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে ২য় পর্যায়ের বীর নিবাস নির্মাণের নিমিত্ত উপজেলা হতে জেলা এবং মন্ত্রণালয়ে তালিকা প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।

০৩। সেহেতু, যে সকল শহীদ মুক্তিযোদ্ধা পরিবার/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/পরিবার, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা/পরিবারের সদস্য উক্ত আবাসন বরাদ্দ পেতে অগ্রহী তাদের আবেদন পত্র আগামী ২৬ জানুয়ারি ২০২২খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরম সংগ্রহ ও পূরণপূর্বক উপজেলা সমাজসেবা কার্যালয় সদরপুর, ফরিদপুরে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়ে সংশোধিত গণবিজ্ঞপ্তি জারি করা হলো।

আবাসন বরাদ্দের জন্য আবেদনকারীর যোগ্যতা/শর্তবন্দী :

১. অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশগণ যারা আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন সেই বীর মুক্তিযোদ্ধার অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত তালিকায় (ওয়েব সাইটে প্রকাশিত) ভারতীয় তালিকা/লাল মুক্তিবর্তী/বেসামরিক গেজেট/স্বীকৃত অন্যান্য গেজেট/প্রমাণকসহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. যে সকল অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের বিধবা স্ত্রী ও সন্তান ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/ সংস্থা হতে প্রুট/ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পায়নি বা আবাসনের জন্য কোন ঋণ পায়নি তারাই এ প্রকল্পের আওতায় আবাসন প্রাপ্তির যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
৩. বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী/সন্তানগণের ক্ষেত্রে ৩০০/- (তিন শত) টাকা নন জুডিশিয়াল স্টাম্পে ক্ষমতাঅর্পণ পত্র, উপরুক্ত ও নিফটক জমি সংক্রান্ত পর্চা কমপক্ষে ১১৩১ বর্গ ফুট (দৈর্ঘ্য ৩৯ ফুট / প্রস্থ ২৯ ফুট) ও সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করতে হবে।
৪. বীর মুক্তিযোদ্ধা প্রয়াত হলে আবেদনকারী ও মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
৫. বীর মুক্তিযোদ্ধা /পরিবারের সদস্যগণ গৃহ নির্মাণের জন্য ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে থাকলে তার প্রমাণক যুক্ত করতে হবে।
৬. ইতোপূর্বে প্রথম পর্যায়ে বাছাই পূর্বক প্রেরিত তালিকায় যাদের নাম রয়েছে তাদের পুনঃনয় এবং স্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা/পরিবারের সদস্যদের আবেদন করার প্রয়োজন নেই।
৭. বিশেষভাবে উল্লেখ্য যে "অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ" সংক্রান্ত নীতিমালার ১.২.১ হতে ১.২.৫ ধারা সমূহে বর্ণিত বীর মুক্তিযোদ্ধা/পরিবার/ওয়ারিশগণ আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্য হবেন।

কাজী শামিম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ সংক্রান্ত উপজেলা কমিটি
সদরপুর, ফরিদপুর।

ফোন : ০৬৩২৯-৭৫৩৯৮

E-mail: usso.sadarpur@dss.gov.bd

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় সংসদ সদস্য ফরিদপুর-০৪
- ২। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, সদরপুর, ফরিদপুর।
- ৪। উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ সংক্রান্ত উপজেলা কমিটি, সদরপুর, ফরিদপুর।
- ৬। বীর মুক্তিযোদ্ধা জনাব..... সদরপুর, ফরিদপুর।
- ৭। উপজেলা প্রকৌশলী এল জি ই ডি সদরপুর, ফরিদপুর।
- ৮। নোটিশ বোর্ড/দপ্তর কপি।